গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ৩০/০৪/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৩১ তম সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) এবং ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ।

তারিখ ও সময় : ৩০ এপ্রিল ২০১৮ ; সকাল ১১.০০ ঘটিকায়।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু জরেন। সভাপতির অনুরোধক্রমে কমিটির সদস্য সচিব সহকারী পরিচালক জনাব সালেহ্ উদ্দিন আহমেদ বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। সভাকে অবহিত করা হয় যে, বিগত সভায় ৭টি সুপারিশ গৃহীত হয়েছিল। গৃহীত সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় মেন্টর ও মেন্টিগণের কার্যক্রমের অগ্রগতি বিষয়ে ক) জনাব মোঃ ফজলুল হক, সহকারী পরিচালক জানান চার জন মেন্টির নিকট হতে তিনি কাঙ্খিত তথ্য পেয়েছেন খ) জনাব সৈয়দ আব্দুল কাইয়ূম, উপ-পরিচালক(পরিকল্পনা) জানান তিনি এক জন মেন্টির নিকট হতে তথ্য পেয়েছেন গ) জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক (দাঃবিঃওঋণ) জানান যে মেন্টিদের সাথে যোগাযোগ করা হলে তাঁরা নানান রকমের ব্যস্ততা দেখান বিধায় কোন তথ্য পাওয়া যায় নাই ঘ) খন্দকার মোঃ রওনাকুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) জানান যে মেন্টিরা কথা শুনছে না, মনে হচ্ছে কাজটি চাপিয়ে দেয়া হয়েছে। সভাপতি বলেন যে, মেন্টর ও স্ব স্ব মেন্টিগণের সাথে কার্যকর যোগাযোগের মাধ্যমে কাঙ্খিত ফল পাওয়া সম্ভব। কাজেই প্রচেষ্টা অব্যাহত রেখে দ্রুত ফল আনতে হবে। যে সকল মেন্টির নিকট হতে তথ্য পাওয়া গেছে সেগুলো পরিকল্পনা মাফিক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। যাহা এখনও উপকরণ-১৩ পাঠায়নি তাদের সাথে কার্যকর যোগাযোগ করতে অনুরোধ জানানো হয় এবং মেন্টরগণকে অধিকতর সক্রিয় হয়ে কাজ করার পরামর্শ দেয়া হয়।

২। সভাকে অবহিত করা হয় যে, বিগত সময়ে অধিদপ্তরের ৪টি সেবাকে সহজীকরণের জন্য বাছাই করে মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদন করে এটুআইকে অবহিত করা হয়েছে। পরবর্তীতে ০৬/০২/২০১৮ তারিখে কেবিনেটে অনুষ্ঠিত সভা হতে বুঝা যায় সহজীকরণের জন্য বাছাইকৃত সেবাগুলো নাগরিক কেন্দ্রিক হওয়া প্রয়োজন। এ ক্ষেত্রে বাছাইকৃত ৪টি সেবার কোনটিই নাগরিক কেন্দ্রিক নয় বিধায়, নির্বাচিত ৪টি বিষয়ের উপর প্রশিক্ষণ আয়োজন না করার বিষয় A2I কে অবহিত করার বিষয়ে সুপারিশ করা হয়।

৩। জনাব সালেহ্ উদ্দিন আহমেদ, সহকারী পরিচালক (আইসিটি), সভাকে জানান যে, চলতি মাসে যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের তথ্যচিত্র Facebook এ Upload করা হয়েছে। সেবা গ্রহীতার অসুবিধার কোন Post পাওয়া গেলে তা তাৎক্ষণিকভাবে সমাধান করা হচ্ছে। চলতি মাসে অভিযোগের কোন Post পাওয়া যায় নাই। ক) Facebook এ হিট সংখ্যা- ১৭,০০০ এর উর্ধ্বে। খ) ই-লার্নিং এ হিট সংখ্যা- ২১,০০০ জন। গ) ইউজার সংখ্যা- ১২,০০০ জন। ঘ) Facebook Page এর টেলিফোন মাধ্যমে যোগাযোগ করেছেন- ২০ জন। এ প্রক্রিয়ায় ইতোপূর্বে ৫টি গুরুত্বপূর্ণ সমস্যা সমাধান করা হয়েছে। সভাপতি দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ড অধিক হারে Facebook page এ প্রচারের উদ্যোগী হতে টিমের সদস্যদের অনুরোধ জানান।

৪। ইনোভেটরগণকে সম্মাননা প্রদানের লক্ষ্যে প্রণীত খসড়া নীতিটিতে প্রয়োজনীয় সংশোধন সংযোজন করে দ্রুত কাজ করার তাগিদ থাকলেও তা যথাসময়ে শেষ না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয় এবং আগামী ১৫ দিনের মধ্যে তা চুড়ান্ত করে ব্যবস্থা নিতে অনুরোধ জানানো হয়।

৫। খন্দকার মোঃ রওনাকুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) সভায় জানান যে, SIF এর প্রাপ্ত অর্থ থেকে প্রশিক্ষণ আবেদন অনলাইনে প্রক্রিয়াকরণের লক্ষ্যে ১ম সফটওয়ারটির কাজ এগিয়ে চলছে। আশা করা যায় নির্ধারিত সময়ের মধ্যে তা সম্পন্ন হবে। ২য় সফটওয়ারটির তৈরীর কাজ শুরু হলেও প্রথমটির পর ২য়টা সম্পাদনে জোর দেয়া হবে।

৬। ই-সার্ভিস রোড ম্যাপ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় জনাব মোঃ হামিদুর রহমান, উপ-পরিচালক সভাকে জানান যে, অধিদপ্তরের ১ম ই-সার্ভিস "ঋণ সেবাকে ই-সেবায়" রূপান্তরের লক্ষ্যে প্রণীত ঋণের ই-সার্ভিস সফটওয়্যারের মাধ্যমে ক) মানিকগঞ্জ সদরে দ্বিতীয় পর্যায়ে ০৬ জন ঋণের আবেদন করেছেন তন্মধ্যে ০৪ জনকে ঋণ দেয়া হয়েছে। খ) কুষ্টিয়ার কুমারখালীতে দ্বিতীয় পর্যায়ে ০৪ জনকে ঋণ দেয়া হয়েছে। ঋণের আবেদনে কাগজপত্র আপলোড করতে গিয়ে আবেদনকারীর অনেক টাকা খরচ হচ্ছে, তাই বিষয়টি দেখা দরকার। তিনি বলেন যে, সকল কাগজ আপলোড না করে সিএসগণ ভিজিট করার সময় সকল কাগজের হার্ডকপি সংগ্রহ করতে পারে তবে ন্যূনতম দাখিলা এবং খতিয়ান সংযুক্ত করার প্রয়োজন রয়েছে। অধিদপ্তরের ২য় ই-সার্ভিস "যুবসংগঠনসমূহকে রেজিস্ট্রেশন প্রক্রিয়ার" অগ্রগতির বিষয় আলোচনায় সংশ্লিষ্ট প্রতিনিধিকে আগামী সভায় বিস্তারিত অবহিত করতে অনুরোধ জানানো হয়।

৭। সভাপতি সভাকে অবহিত করেন যে, ইনোভেশন টিমের সম্মানিত সদস্যগণ প্রত্যক্ষভাবে কোন ইনোভেশন আইডিয়া গ্রহণ বা বাস্তবায়ন করেন না,তবে তারা প্রতিষ্ঠানে ইনোভেশন সংস্কৃতি বিকাশে সহযোগিতা করেন। সে নিরীখে আগামী বছরের (২০১৮-২০১৯) টিমের বার্ষিক কর্মপরিকল্পনা নিয়ে প্রত্যেকের ভাবনা চিন্তা করার অবকাশ রয়েছে। এ সংক্রান্ত নির্ধারিত ছকের কপি সকলকে সরবরাহ করা হবে এবং যার যার খসড়া পরিকল্পনা আগামী সভায় উপস্থাপন ও সামগ্রিকভাবে চূড়ান্ত হবে।

বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ সমূহ গৃহীত হয়।

সুপারিশ :

০১। যে সকল মেন্টরগণ কর্তৃক মেন্টিদের কাজের কর্মপরিকল্পনা উপকরণ-১৩ এখনও সংগৃহীত নয় তাদেরকে আগামী ১৫ দিনের মধ্যে কার্যকর যোগযোগের মাধ্যমে তা সংগ্রহ পূর্বক পরবর্তী ব্যবস্থা নিশ্চিত করা;
০২। যে সকল মেন্টর তাদের মেন্টিদের কাছ থেকে পরিকল্পনা পেয়েছেন তা তারা যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা;
০৩। প্রাপ্ত এস আই এফ ফান্ডের মাধ্যমে সংগ্রহযোগ্য সফটওয়্যার নির্দিষ্ট সময়ের মধ্যে সংগ্রহ নিশ্চিত ব্যবস্থা করা ;
০৪। সোসাল মিডিয়ায় প্রচার এবং ভুক্তভোগীদের সমস্যা সমাধান বিষয়ক তথ্য প্রতিমাসের সভায় সুস্পষ্টভাবে উপস্থাপন এবং সেবা গ্রহীতাদের মতামত প্রতিপালিত হচ্ছে কিনা তা নিরূপন করা;
০৫। ইনোভেটরদের সম্মাননা প্রদানের খসড়া নীতি আগামী ১৫ দিনের মধ্যে সম্পন্ন করার ব্যবস্থা নেয়া;
০৬। ঋণের ই-সার্ভিস সফটওয়্যারটির পাইলটিং এর অগ্রগতি প্রতিমাসের সভায় পর্যালোচনা করা ;
০৭। প্রত্যেক সদস্য কর্তৃক নির্ধারিত ছকে টিমের বার্ষিক খসড়া পরিকল্পনা পেশ ;
০৮। অধিদপ্তরের ২য় ই-সার্ভিস প্রণয়ন বিষয়ে গৃহীত কর্মকান্ড আগামী সভায় বিস্তারিতভাবে উপস্থাপনের ব্যবস্থা নেয়া।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৪/০৫/১৮
মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: ershad.dyd@gmail.com

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬- ৬০ তারিখঃ ২৭/০৫/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। জনাব-- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। সংশ্লিষ্ট নথি ।

২৪/০৫/২০১৮

(সালেহ্ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক(আইসিটি)
ও
সদস্য সচিব , ইনোভেশন টিম
ফোনঃ ৯৫৮৬৮৯৮
e-mail: adict@dyd.gov.bd

পরিশিষ্ট "ক"

৩০/০৪/২০১৮ তারিখ বিকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব এ কে এম মফিজুল ইসলাম উপপরিচালক(পরিকল্পনা)	স্বাক্ষরিত
২	জনাব মোঃ আতিকুর রহমান উপপরিচালক (বাস্তবায়ন)	স্বাক্ষরিত
৩	জনাব সৈয়দ আব্দুল কাইয়ূম উপ-পরিচালক(পরিকল্পনা)	স্বাক্ষরিত
৪	জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন উপ-পরিচালক (পরিকল্পনা)	স্বাক্ষরিত
৫	জনাব মোঃ হামিদুর রহমান উপপরিচালক (দাঃবিঃওঋণ)	স্বাক্ষরিত
৬	জনাব মোঃ শাহীনূর রহমান সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)	স্বাক্ষরিত
৭	মোঃ ফজলুল হক সহকারী পরিচালক	স্বাক্ষরিত
৮	খন্দকার মোঃ রওনাকুল ইসলাম সহকারী পরিচালক (প্রশিক্ষণ)	স্বাক্ষরিত
৯	জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি)	স্বাক্ষরিত